১৪ হাজার কোটি টাকা আত্মসাতের অভিযোগ আসিফ নজরুলের বিরুদ্ধে



আসিফ নজরুল। ছবি: সংগৃহীত

আজকের কণ্ঠ পত্রিকার অনুসন্ধানে আইন উপদেষ্টা আসিফ নজরুলের বিরুদ্ধে ১৪ হাজার কোটি টাকা আত্মসাতের অভিযোগ উঠে এসেছে।

প্রকাশিত প্রতিবেদনে বলা হয়েছে, অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস এবং তাঁর ঘনিষ্ঠ সাত সহযোগীর বিরুদ্ধেও গত ১৮ মাসে ব্যাপক লুটপাট, অর্থ পাচার ও রাষ্ট্রবিরোধী কর্মকাণ্ডের অভিযোগ রয়েছে। রাষ্ট্রীয় গোয়েন্দা সংস্থার ঊর্ধ্বতন সূত্রের বরাতে দাবি করা হয়, অস্থির পরিস্থিতির সুযোগ নিয়ে একটি চক্র বিপুল পরিমাণ অর্থ বিদেশে সরিয়ে নিয়েছে।

অভিযোগে বলা হয়েছে, আইন মন্ত্রণালয় ও প্রবাসীকল্যাণ মন্ত্রণালয়কে ঘিরে একটি সিন্ডিকেট গড়ে তুলে আসিফ নজরুল একাই হাজার হাজার কোটি টাকা আত্মসাৎ করেছেন। এর মধ্যে অন্তত ৬ হাজার কোটি টাকা নির্দিষ্ট মন্ত্রণালয়কেন্দ্রিক কার্যক্রম থেকে হাতিয়ে নেওয়ার দাবি করা হয়েছে। আত্মসাতের অর্থ দিয়ে পরিবারের সদস্যদের নামে সম্পদ গড়ে তোলার কথাও উল্লেখ রয়েছে।

প্রতিবেদনে আরও দাবি করা হয়েছে, সহিংসতা উসকে দেওয়া এবং প্রশাসনিক অস্থিরতার কারণে ৩ হাজার ১২২ পুলিশ সদস্য নিহত হয়েছেন। পাশাপাশি গণভোট ও সংবিধান সংস্কারের নামে ২ হাজার ৩০০ কোটি টাকা অপচয় ও পাচারের অভিযোগ তোলা হয়েছে সংশ্লিষ্টদের বিরুদ্ধে।

এ ছাড়া পরিবেশ ও সংস্কৃতিবিষয়ক উপদেষ্টা এবং প্রধান উপদেষ্টার প্রেস সচিবের বিরুদ্ধেও বিভিন্ন আর্থিক অনিয়মের অভিযোগ আনা হয়েছে। প্রেস সচিবের বিরুদ্ধে প্রভাব খাটিয়ে প্রায় ২ হাজার কোটি টাকা লুটের বিষয়ে দুর্নীতি দমন কমিশনে তদন্ত শুরু হয়েছে বলে প্রতিবেদনে জানানো হয়েছে।